



আধুনিক কিশোরকবিতা

# রঙিন দিগন্ত

সুজন বড়ুয়া • অরুণ শীল
সম্পাদিত




সাহিত্য-বিভাজনের সূত্র ধারায় শিশুসাহিত্য, কিশোরসাহিত্য, কিশোরগল্পের মতোই কিশোরকবিতা অভিধারও প্রচলন। শৈশব-উত্তীর্ণ ১০ থেকে ১৮ বয়সশ্রেণির যে মানবসমাজ তাদের উপযোগী সহজ-সরল কবিতাই কিশোরকবিতা। কিশোর-উপযোগিতা কিশোর-কবিতার প্রথম শর্ত হলেও কিশোরকবিতাকে ভাব, বিষয়, শব্দ, আঙ্গিক, ছন্দ, উপমা, চিত্রকল্প ইত্যাদি উপাদানে অপূর্ব ব্যঞ্জনাময় কবিতা হয়ে উঠতে হয়। কিশোরকবিতার বিষয়-অনুষঙ্গ নিতান্ত সুনির্দিষ্ট। কিশোরের যাপিত জীবন, স্মৃতি-কাতরতা, পরিবার পরিজন, চেনা পরিবেশ, প্রকৃতি ও স্বদেশ এর মধ্যেই কিশোরকবিতার বিচরণ সীমাবদ্ধ। এই সীমিত অনুষঙ্গের সঙ্গে সাম্প্রতিক সময়ে যুক্ত হয়েছে বিজ্ঞান-প্রযুক্তির অগ্রগতি– কম্পিউটার, ইন্টারনেট, ফেসবুক ইত্যাদি, যা অনিবার্যভাবে এ-সময়ের কৈশোরেও প্রভাব ফেলছে। এর সঙ্গে মানব-মানবীর পারস্পরিক সহজাত ভালোলাগা, বয়ঃসন্ধির আকর্ষণ বোধ, দেহজ কামনা বাসনাহীন প্রেম-ভালোবাসাও কিশোরকবিতায় উঁকি দেয়। সে এক অনির্বচনীয় রহস্যময় রঙিন দিগন্ত। আসলে কিশোর বয়সের যেকোনো মানব-সন্তান পুষ্পকলি সদৃশ এক সত্ত্বা; নিষ্পাপ ও পবিত্রতার প্রতীক। কিশোরকবিতা তাই কেবল সত্য, সুন্দর, শুভ, কল্যাণ, নির্মল আনন্দ, স্বপ্ন ও কল্পনার যাবতীয় ইতিবাচক বিষয়-অনুষঙ্গের সারাৎসার। এই সংকলন তারই একটি স্মারক। চিরকালীন বিষয়-অনুষঙ্গের সঙ্গে সংকলনটি ধারণ করেছে করোনা মহামারী, রাশিয়া-ইউক্রেন, ইসরায়েল-ফিলিস্তিন যুদ্ধের মতো বিশ্ব-কাঁপানো সমকালীন ঘটনা-প্রবাহও। বিষয়-অনুষঙ্গ- আঙ্গিক-বৈচিত্র্যের পাশাপাশি নানা ছন্দ-বৈচিত্র্যের কবিতাও অন্তর্ভুক্ত হয়েছে এখানে। বাংলা ভাষায় আধুনিক কিশোরকবিতাচর্চার উৎকর্ষের সর্বশেষ উদাহরণ এ-সংকলন।


আধুনিক কিশোরকবিতা

# রঙিন দিগন্ত

সুজন বড়ুয়া ● অরুণ শীল
সম্পাদিত




আদিগন্ত প্রকাশন



আধুনিক কিশোরকবিতা
রঙিন দিগন্ত
সুজন বড়ুয়া ॥ অরুণ শীল সম্পাদিত

প্রকাশক
মোশতাক রায়হান
আদিগন্ত প্রকাশন
২৭/৫গ, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন : ০১৭১৬ ৮৬২ ০৮০, ০১৫৫২ ৬৩৮ ২৭৩
মুদ্রণেঃ আদিগন্ত প্রিন্টার্স, ৮৬/১ পুরানা পল্টন লেইন, ঢাকা-১০০০
পরিবেশক : শৈলী প্রকাশন, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০
চট্টগ্রাম : বাতিঘর, জামালখান লেইন, প্রেসক্লাস, চট্টগ্রাম-৪০০০
কলকাতা : সেন ব্রাদার্স, ৪৫, বেনিয়াটোলা লেন, কলকাতা-৭০০ ০০৯
প্রচ্ছদ : ধ্রুব এষ। স্বত্ব : সম্পাদকদ্বয়
প্রকাশকাল : মাঘ ১৪৩০, ফেব্রুয়ারি ২০২৪
**মূল্য : পাঁচশত পঞ্চাশ টাকা মাত্র**
**ভারতীয় রুপি : তিনশত পঞ্চাশ টাকা মাত্র**

ADHUNIK KISHORKABITA RAGIN DIGONTO
Edited by Sujan Barua & Arun Shil
Published by Mostak Ryhan, Adigonto Prokashon
27/5-Ga, Topkhana Road, Dhaka-1000
www. rokomari.com/adigontoprokashon
Price :৳550/-, ₹350/-, US$ 20/-
ISBN : 978-984-98110-4-6

উৎসর্গ

ভাষাবিজ্ঞানী, শিশুসাহিত্যিক
**পবিত্র সরকার**
যাঁর মেধা, প্রজ্ঞা ও ভাবনার রঙে
বাংলা ভাষা ও সাহিত্য রঙিন হয়েছে

এবং

চিত্রশিল্পী, ছবির কবি
**হাশেম খান**
যাঁর জাদুকরী তুলির অপূর্ব রং-রেখায়
বাংলা শিশুসাহিত্য সুশোভিত হয়েছে

দুই বাংলার দুই ভুবনের
দুই বরেণ্য মনীষীকে
আমাদের শ্রদ্ধার্ঘ্য

# দুই নদীর কথা

## অবশেষ দাস


(১৯৮১ –)

ওই নদীটা এপার-ওপার, দু-পার কত খোলা
চোখ জুড়ানো নরম ছবি জাগায় স্বপ্ন-দোলা।
খেয়াঘাটে লোক আসে আর বিকেল আসে নেমে,
দিন ফুরোলেই রাত বেড়ে যায়, যায় না নদী থেমে।
গ্রাম পেরিয়ে ধাম পেরিয়ে শহর ছুঁয়ে ছুঁয়ে
নদী তো ঠিক পৌঁছে গেছে, মানব জমির ভুঁয়ে।

নদীর ব্যথা কে আর বোঝে, কাজের বেলায় খোঁজে,
ঢেউ হারানো নদীর ব্যথা আর এক নদী বোঝে।
সেই নদীটা ঢেউ তোলে খুব, যায় না তো সব গোনা
বাঘের চেয়ে কম সে কিছু, এমনটা বলবো না।
বাঁধ ভেঙে দেয়, সব ভেসে যায়, বুক ফোলানো জলে
নদীর পাশে যা কিছু সব সর্বহারার দলে।
বন্যার জল দাওয়ার ওপর, নদীর জল তো ঘরে
সব ভেসেছে, ওদের জন্য মনটা কেমন করে!
চাঁদ উঠেছে, ফুল ফোটেনি, গাছ তো গেছে ডুবে
নদীর জল সে রায় বাঘিনী পশ্চিমে আর পুবে।

একটা নদী ঢেউ তোলে না, থমকে গেছে চলা
নিজের সঙ্গে আপনমনে নিজের কথা বলা।
চলছে মাতম কোমরভাঙা ওই নদীকে ঘিরে
দারকেশ্বর, অজয় কিংবা কংসাবতীর তীরে।
এমন করে চুপিসারে নদ-নদী সব কাঁদে,
শোকের ভেতর হাঁটতে গিয়ে পৌঁছে যেন চাঁদে।
চাঁদ পুরানো বাঁধ তো ভাঙা দিতেই হবে পাড়ি
একটা নদী ভাঙাচোরা, একটা আলোর বাড়ি।

কৈশোর মানব-জীবনের এক রঙিন অধ্যায়। এ-অধ্যায়ের পরতে পরতে আকুল করা শিহরন জাগানো চমক। সেইসব উচ্ছ্বাসঘন কোমল মধুর বিদ্যুৎস্ফুলিঙ্গের ছন্দময় নাম কিশোরকবিতা। এমন প্রায় ৩০০ কিশোর কবিতার অনবদ্য সংকলন এই 'রঙিন দিগন্ত'। বাঙালির দেশ-জীবন-আচার, স্বপ্ন-আবেগ-ভালোবাসা, কৃষ্টি-সংস্কৃতি, পালা-পার্বণ, উৎসব, দিবস- কেন্দ্রিক আবৃত্তি উপযোগী নানা ছন্দ-বৈচিত্র্যের কিশোরকবিতার মহার্ঘ আয়োজন এ-সংকলন। এটি আপনাকেও আনন্দ দেবে নিঃসন্দেহে।



ADHUNIK KISHORKABITA RAGIN DIGONTO
Edited by Sujan Barua & Arun Shil
Published by Mostak Ryhan, Adigonto Prokashon
27/5-Ga, Topkhana Road, Dhaka-1000
www. rokomari.com/adigontoprokashon
Price : ৳ 550/-, ₹350/-, US$ 20/-
978-984-98110-4-6
978-984-98110-4-6